

ঝালকাঠির নলছিটি এসএসসি পরীক্ষার হলে পুরনো সিলেবাসের প্রশ্নপত্র, হইচই

ঝালকাঠি প্রতিনিধি >

ঝালকাঠির নলছিটিতে গতকাল শনিবার এসএসসি পরীক্ষার একটি ভেনুতে বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় পুরনো সিলেবাসের (কোর্স) প্রশ্নপত্র সরবরাহ করার অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে পরীক্ষার্থীদের মধ্যে হইচই শুরু হলে ১৫-২০ মিনিট পরে নতুন সিলেবাসের প্রশ্নপত্র সরবরাহ করা হয়।

জানা গেছে, মার্চেন্টস কেম্ব্রিজের নলছিটি ডিগ্রি কলেজ ভেন্যুর সাতটি হলে (কক্ষে) নতুন সিলেবাসের ৩১৪ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। পুরনো সিলেবাসের কোনো পরীক্ষার্থী ওই ভেনুতে নেই। ডব্লিউ মূল কেন্দ্র (মার্চেন্টস মাধ্যমিক বিদ্যালয়) থেকে পুরনো সিলেবাসের প্রশ্নপত্রের একটি প্যাকেট সেখানে পাঠানো হয়। ওই ভেন্যুর সহকারী সচিব মো. শাহজাহান জোশাদ্দার পুরনো পরীক্ষার্থীদের সংখ্যা যাচাই না করেই একটি কক্ষে পরীক্ষার্থীদের মধ্যে পুরনো সিলেবাসের প্রশ্নপত্র সরবরাহ করেন।

নলছিটি এসএসসি পরীক্ষাকেন্দ্রের কেন্দ্রসচিব মো. রেজাউল ইসলাম জানান, ওই ভেন্যুর একটি কক্ষে ভুলবশত এ ঘটনা ঘটে। খবর পেয়ে তাৎক্ষণিক মূল কেন্দ্র থেকে সেখানে নতুন কোর্সের প্রশ্নপত্র সরবরাহ করা হয়। পরীক্ষার্থীদের সময় বাড়িয়ে দেওয়া হয় বলেও জানান তিনি।